দৈনিক
ইত্তেফাক

তারিখ .... 17 JAN 2017
পৃষ্ঠা ... 2 ... কলাম ... ৫ ......

# উপাচার্যের কক্ষে কুমিল্লা বিশ্ববিদ্যালয় শিক্ষকদের দুই গ্রুপের বাকযুদ্ধ

■ কুমিল্লা বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

দীর্ঘদিনের বিরোধের জেরে গতকাল সোমবার কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কক্ষে তর্কাতর্কিতে লিপ্ত হয় শিক্ষকদের দুটি গ্রুপ। শিক্ষক লাঞ্ছিতের ঘটনায় কলা অনুষদের ডিন এম এম শরীফুল করীমকে পদ থেকে অব্যাহতির দাবিতে আন্দোলনরত বঙ্গবন্ধু পরিষদ ও উপাচার্যপন্থিরা এই বাকযুদ্ধে জড়িয়ে পড়েন। ওই ডিনকে অব্যাহতি প্রদানে যে সময়সীমা বেঁধে দেয়া হয়েছিল, ওই সময়সীমা শেষ হলে গতকাল বঙ্গবন্ধু পরিষদ উপাচার্যের সঙ্গে দেখা করতে তার কক্ষে যায়। এ সময় উপাচার্যপন্থি শিক্ষক অধ্যাপক ড. সৈয়দুর রহমান, ড. কাজী কামাল, ড. বিশ্বজিৎ চন্দ্র দেবসহ বেশ কয়েকজন শিক্ষক উপাচার্যের কক্ষে প্রবেশ করলে শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক, মেহেদী হাসান ও বঙ্গবন্ধু পরিষদের সাধারণ সম্পাদক কাজী ওমর সিদ্দকীসহ অবস্থানরত শিক্ষকদের সঙ্গে উত্তপ্ত বাক্য বিনিময় হয়।

শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মেহেদী হাসান দাবি করেন, উপাচার্যপন্থি শিক্ষকরা তাদের উপর হামলা করেছেন। এই অভিযোগ অস্বীকার করেছেন উপাচার্যপন্থি শিক্ষক ও প্রক্টর ড. কাজী কামাল উদ্দিন। পরে সন্ধ্যা ছয়টা পর্যন্ত বঙ্গবন্ধু পরিষদের শিক্ষকবৃন্দ উপাচার্যের কক্ষে অবস্থান করেন।